



বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১

(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)

প্রধান কার্যালয়

ঢাকা।

www.erecruitment.bb.org.bd

বিজ্ঞপ্তি নং : ৬২/২০১৭

তারিখ : ০৫ অগ্রহায়ন, ১৪২৪
১৯ নভেম্বর, ২০১৭

বাংলাদেশ ব্যাংক এ 'ক্যাশ অফিসার' পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে অনুষ্ঠিত
লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের আবেদনের সমর্থনে দলিলাদি প্রেরণ প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংক এ 'ক্যাশ অফিসার' পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে গত ২৪/০২/২০১৭ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষার ফলাফল বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইটে(erecruitment.bb.org.bd) প্রকাশ করা হয়েছে। উত্তীর্ণ প্রার্থীদেরকে তাদের আবেদনে উল্লেখিত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত প্রামাণিক দলিলাদির সত্যায়িত ফটোকপি সহ স্বহস্তে লিখিত আবেদনপত্র (প্রার্থীর মোবাইল নম্বর ও পরীক্ষার উত্তরপত্রে প্রদত্ত নিজ স্বাক্ষরসহ) আগামী ১৪/১২/২০১৭ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর বরাবরে ডাকযোগে প্রেরণ অথবা প্রধান ভবনের নিচ তলায় সংরক্ষিত বাক্সে জমাদানের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। খামের উপর পদের নাম ও রোল নম্বর অবশ্যই লিখতে হবে।

০২। এতদুদ্দেশ্যে নিম্নবর্ণিত নির্দেশসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণকরতঃ প্রার্থীদেরকে আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত সনদপত্র/দলিলাদির সত্যায়িত ফটোকপি দাখিল করার পরামর্শ দেয়া যাচ্ছে :

- শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রসমূহ, মার্কশিট/Transcript; 'O' Level এবং 'A' Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate); বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখ সহ);
- অনার্স পরীক্ষা পাশের সনদপত্র, মার্কশিট/ট্রান্সক্রিপ্ট এ ৩০/০৯/২০১৫ তারিখ বা এর পূর্বে চূড়ান্ত পরীক্ষা পাশের সমর্থনে কোন তারিখ উল্লেখ না থাকলে ফল প্রকাশের তারিখ উল্লেখসহ পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার এর কার্যালয় থেকে ইস্যুকৃত সনদপত্র ;
- আবেদনে উল্লেখিত স্থায়ী ঠিকানার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদ (বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা হতে সংগৃহীত জাতীয়তা সনদ);
- মুক্তিযোদ্ধার সন্তান হলে পিতা/মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত); সংশ্লিষ্ট প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এই মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট/ওয়ারিশান সনদ;
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থী হলে পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রয়োজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট(যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত); সে ক্ষেত্রে, সংশ্লিষ্ট প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট/ওয়ারিশান সনদ;
- মুক্তিযোদ্ধার ওয়ারিশন হিসেবে প্রদত্ত ওয়ারিশন সনদ। মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশনপত্রে তার প্রতিস্বাক্ষর থাকতে হবে এবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশনপত্রে কমপক্ষে ০১জন ওয়ারিশনের প্রতিস্বাক্ষর থাকতে হবে ;
- মুক্তিযোদ্ধা কোটাভুক্ত প্রার্থীদের নিম্নোক্ত ছক পূরণকরতঃ এর সমর্থনে প্রামাণিক দলিলাদির ০৩(তিন) সেট (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে :

ক্রঃ নং	(১)		(২)	(৩)	(৪)	(৫)			(৬)
	মুক্তিযোদ্ধার নাম		পিতার নাম	ঠিকানা গ্রাম/ডাকঘর/ ওয়ার্ড নং/ উপজেলা/জেলা/অন্যান্য	সাময়িক সনদ/ গেজেট/ মুক্তিবর্তা/বামুস সনদ/ ভারতীয় তালিকা/কল্যান ট্রাস্ট নম্বর ও তারিখ	জন্ম সনদ	এসএসসি	এনআইডি	মন্তব্য
ক)	সাময়িক সনদ								
খ)	গেজেট								
গ)	লাল মুক্তিবর্তা								
ঘ)	বামুস সনদ								
ঙ)	ভারতীয় তালিকা								

জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী হিসেবে প্রদত্ত সনদপত্র ;

ঝ) প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধিদপ্তর হতে প্রতিবন্ধীতার স্বপক্ষে প্রদত্ত সনদপত্র; এবং

ঞ) MCQ Test ও লিখিত পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।

০৩। কোনো ক্ষেত্রে যাচিত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোনো সময় প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোনো জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে।

উল্লেখ্য, চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে উপরোক্ত দলিলাদি প্রেরণ করতে হবে।

স্বাক্ষরিত/-
(নূর-উন-নাহার)
মহাব্যবস্থাপক